

www.bpsc.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং ৮০.১১২.০১১.০০.০০.০০৯.২০১৬(অংশ-১)-০৩

তারিখ : ২৩ জানুয়ারি, ২০১৭

বিষয় : রেলপথ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী (ওয়ে), উপ-সহকারী প্রকৌশলী (সিভিল ড্রইং) এবং উপ-সহকারী প্রকৌশলী (এস্টিমেটর) পদে নিয়োগের লিখিত পরীক্ষা অনুষ্ঠান সংক্রান্ত।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রেলপথ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী (ওয়ে), উপ-সহকারী প্রকৌশলী (সিভিল ড্রইং) এবং উপ-সহকারী প্রকৌশলী (এস্টিমেটর) পদে নিয়োগের লিখিত পরীক্ষা নিম্নলিখিত কেন্দ্রে উল্লিখিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে :

লিখিত পরীক্ষার কেন্দ্র : হাজী আশ্রাফ আলী হাই স্কুল, ৮৮৪/১, পূর্ব শেওড়াপাড়া, কাফরুল, ঢাকা।
লিখিত পরীক্ষার তারিখ ও সময় : ০৮.০২.২০১৭ দুপুর ১:৩০ টা হতে বিকেল ৪.৩০টা পর্যন্ত

- ২। উক্ত ৩(তিন) ক্যাটাগরীর পদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের নামে নতুন করে কোন প্রবেশপত্র প্রেরণ করা হবেনা। উপ-সহকারী প্রকৌশলী (ওয়ে) পদের প্রার্থীদের বাছাই পরীক্ষায় ব্যবহৃত প্রবেশপত্রই লিখিত পরীক্ষায় ব্যবহৃত হবে।
- ৩। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল ড্রইং) ও উপ-সহকারী প্রকৌশলী (এস্টিমেটর) পদের প্রার্থীগণ কমিশনের ওয়েবসাইট (www.bpsc.gov.bd) হতে প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্টেড কপি নিয়ে লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করবেন।
- ৪। প্রবেশপত্র ছাড়া কোন প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
- ৫। কোন প্রার্থী উক্ত ৩ ক্যাটাগরি পদের মধ্যে একাধিক পদে আবেদন করে থাকলে তিনি যে কোন একটি পদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন। প্রার্থী উক্ত পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে আবেদনকৃত অবশিষ্ট ক্যাটাগরির পদে উত্তীর্ণ বলে গণ্য হবেন।
- ৬। লিখিত পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করা বাঞ্ছনীয়। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষে প্রবেশ করতে পারবেন না। পরীক্ষা শুরু হওয়ার ১ ঘন্টার মধ্যে কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- ৭। প্রার্থীদেরকে লিখিত পরীক্ষার সময় বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান এবং টেকনিক্যাল বিষয় সম্বলিত একটি প্রশ্নপত্র প্রদান করা হবে। নির্ধারিত ৩ ঘন্টা সময়ের মধ্যে তাদেরকে উক্ত ৪টি বিষয়ের উত্তর প্রদান করতে হবে।
- ৮। পরীক্ষার সময় একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি পৃথক উত্তরপত্র প্রদান করা হবে। বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান এবং টেকনিক্যাল বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করা যাবে না। প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
- ৯। প্রশ্নপত্রে ৪টি বিষয়ের জন্য ৪টি আলাদা আলাদা বিষয় কোড থাকবে। বিষয় কোড সংশ্লিষ্ট উত্তরপত্রের বিষয় কোডের ঘরে লিখে নির্ধারিত বৃত্ত ভরাট করতে হবে। অন্যথায় উক্ত উত্তরপত্র বাতিল হবে।
- ১০। পরীক্ষা কক্ষে বই-পুস্তক, ব্যাগ, মোবাইল ফোন, হাতঘড়ি বা কোন প্রকার যোগাযোগ যন্ত্র আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষা হলে এবং গেটে মোবাইল ফোনের জন্য বিশেষ তদ্বাহী অভিযান পরিচালনা করা হবে। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোন প্রার্থীর সাথে মোবাইল ফোন পাওয়া গেলে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যে কোন নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে।
- ১১। হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া প্রয়োজন।
- ১২। পরীক্ষা কক্ষে কোন অসাধু পন্থা অবলম্বন এবং অশোভন আচরণের অভিযোগে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যে-কোন প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে।
- ১৩। বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd এ পাওয়া যাবে।

*পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।

* চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)।